জুলাই ও মুসলিম রাজনৈতিক কর্তাসত্তা

উসামা আল-আযামী

উসামা আল-আযামী

ড. উসামা আল-আযামী হামাদ বিন খলিফা ইউনিভার্সিটির কলেজ অব ইসলামিক স্টাডিজে ইসলামিক স্টাডিজের সহকারী অধ্যাপক। তিনি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় থেকে আরবি ও ইসলামিক স্টাডিজে বিএ ডিগ্রি অর্জন করেন, আল-সালাম ইনস্টিটিউট থেকে □আলিমিয়া সম্পন্ন করেন, এবং প্রিন্সটন বিশ্ববিদ্যালয় থেকে Near Eastern Studies-এ এমএ ও পিএইচডি ডিগ্রি লাভ করেন। তাঁর গবেষণার আগ্রহ ইসলামি বুদ্ধিবৃত্তিক ইতিহাসে, বিশেষত ইসলামি রাজনৈতিক চিন্তায় রূপান্তরসমূহের উপর কেন্দ্রীভূত। তাঁর প্রথম গ্রন্থ, **Islam and the Arab Revolutions** (Oxford University Press, 2022), ২০১১ থেকে ২০১৩ সালের আরব গণঅভ্যুত্থানের প্রতিক্রিয়ায় প্রভাবশালী ইসলামি আলেমরা কীভাবে সাড়া দিয়েছিলেন তা বিশ্লেষণ করে। ড. আল-আজামির পিএইচডি অভিসন্দর্ভের শিরোনাম হলো *Modern Islamic Political Thought: Islamism in the Arab World from the Late Twentieth to the Early Twenty-first Centuries*। এই গবেষণায় তিনি বিশ্লেষণ করেছেন, আরব বিশ্বের মূলধারার □ইসলামপন্থী□ ধারার উলামারা কীভাবে গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা ও জাতিরাষ্ট্রের মতো পাশ্চাত্য রাজনৈতিক ধারণার সঙ্গে সংলাপে প্রবেশ করেছেন ।